বাংলাদেশ নৌবাহিনী

www.navy.mil.bd

## বাংলাদেশ নৌবাহিনীতে ১১তম হতে ২০তম গ্রেডভুক্ত বেসামরিক কর্মচারী নিয়োগ

১। বাংলাদেশ নৌবাহিনীর সাংগঠনিক কাঠামোভুক্ত ১১তম হতে ২০তম গ্রেডভুক্ত নিম্নবর্ণিত ৭৩টি বেসামরিক শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে নিম্নোক্ত শর্তে প্রকৃত বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত এবং অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | উচ্চমান সহকারী, (গ্রেড-১৪, বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০) | ৫ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। | ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, শরিয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, যশোর, ঝিনাইদহ, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, ভোলা, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ।<br><br>**(বর্ণিত জেলা কোটা ক্রমিক নং-১ থেকে ৯ এ উল্লিখিত পদ সমূহের জন্য প্রযোজ্য।)** |
| (২) | ল্যাবরেটরী অ্যাসিস্ট্যান্ট, (গ্রেড-১৪, বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০) | ৭ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে রসায়নবিদ্যাসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। | |
| (৩) | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, (গ্রেড-১৪, বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০) | ৩ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা: এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে সর্বনিম্ন গতি থাকতে হবে :<br>(অ) ইংরেজি : প্রতি মিনিটে ৩০ শব্দ।<br>(আ) বাংলা : প্রতি মিনিটে ২৫ শব্দ।<br>(ঘ) সাঁটমুদ্রাক্ষরের ক্ষেত্রে সর্বনিম্ন গতি থাকতে হবে:<br>(অ) ইংরেজি : প্রতি মিনিটে ৭০ শব্দ।<br>(আ) বাংলা : প্রতি মিনিটে ৪৫ শব্দ। | |
| (৪) | সহকারী এক্সামিনার, (গ্রেড-১৪, বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০) | ৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নবিদ্যা, পদার্থবিদ্যা বা গণিত বিষয়সহ বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। | |
| (৫) | লাইব্রেরী অ্যাসিস্ট্যান্ট, (গ্রেড-১৪, বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০) | ২ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে লাইব্রেরী বিজ্ঞানে ডিপ্লোমা। | |
| (৬) | নার্স, (গ্রেড-১৪, বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০) | ৩ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত নার্সিং কলেজ বা ইন্সটিটিউট হতে অন্যূন ৩ (তিন) বৎসরের নার্সিং এ ডিপ্লোমা। | |
| (৭) | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬, বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০) | ৪ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে সর্বনিম্ন গতি থাকতে হবে :<br>(অ) ইংরেজি : প্রতি মিনিটে ২০ শব্দ।<br>(আ) বাংলা : প্রতি মিনিটে ২০ শব্দ। | |
| (৮) | টেলিফোন অপারেটর (গ্রেড-১৬, বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০) | ২ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | |
| (৯) | মিডওয়াইফ (গ্রেড-১৬, বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০) | ১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে ধাত্রীবিদ্যায় সনদপ্রাপ্ত; এবং<br>(গ) সাধারণ নার্সিং পেশায় চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। | |
| (১০) | ফায়ারম্যান, (গ্রেড-১৯, বেতন স্কেল : ৮৫০০-২০৫৭০) | ৫ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(গ) শারীরিক যোগ্যতা (অন্যূন): উচ্চতা-৫´-৪´´, ওজন-১১০ পাউন্ড, বুকের মাপ- ৩০´´ - ৩২´´ হতে হবে। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, |

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত এবং অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১১) | অফিস সহায়ক (গ্রেড-২), (গ্রেড-২০, বেতন স্কেল : ৮২৫০-২০০১০) | ৯ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | শরিয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও, যশোর, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ।<br><br>**(বর্ণিত জেলা কোটা ক্রমিক নং-১০ থেকে ১৯ এ উল্লিখিত পদ সমূহের জন্য প্রযোজ্য।)** |
| (১২) | বাবুর্চি, (গ্রেড-২০, বেতন স্কেল : ৮২৫০-২০০১০) | ৪ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| (১৩) | ফিল্ড হেলথ ওয়ার্কার, (গ্রেড-২০, বেতন স্কেল : ৮২৫০-২০০১০) | ১ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| (১৪) | গার্ডেনার (গ্রেড-২০, বেতন স্কেল : ৮২৫০-২০০১০) | ৩ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| (১৫) | অদক্ষ শ্রমিক, (গ্রেড-২০, বেতন স্কেল : ৮২৫০-২০০১০) | ১২ | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| (১৬) | খাকরব (গ্রেড-২০, বেতন স্কেল : ৮২৫০-২০০১০) | ৪ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| (১৭) | নিরাপত্তা প্রহরী, (গ্রেড-২০, বেতন স্কেল : ৮২৫০-২০০১০) | ১ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| (১৮) | মেস ওয়েটার (গ্রেড-২০, বেতন স্কেল : ৮২৫০-২০০১০) | ২ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| (১৯) | বারবার, (গ্রেড-২০, বেতন স্কেল : ৮২৫০-২০০১০) | ২ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| | মোট = | ৭৩ | | |

২। এতিমখানা ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। প্রার্থীর বয়সসীমা **১৯ নভেম্বর ২০২০** তারিখে গণনা করতে হবে। সাধারণ প্রার্থীর বয়সসীমা সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার সন্তানদের বয়সসীমা সাধারণ প্রার্থীর ন্যায় ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নয়। বিভাগীয় প্রার্থী অর্থ এরূপ কর্মচারী যিনি সংশ্লিষ্ট অধিদপ্তর বা পরিদপ্তর বা দপ্তর এর রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকরিরত।

৪। আগ্রহী প্রার্থীদেরকে আবেদনপত্রে নিম্নের তথ্যাবলী উল্লেখ করতে হবে:

| | | | | |
|---|---|---|---|---|
| (১) | পদের নাম | : | | |
| (২) | বিজ্ঞপ্তির নম্বর | : | তারিখ : দি ন মা স ব ৎ স র | |
| (৩) | প্রার্থীর নাম | : | বাংলায় : | |
| | | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | |
| (৪) | জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর : | | | |
| (৫) | জন্ম তারিখ | : | বৎসর | মাস / দিন |
| (৬) | জন্মস্থান (জেলা) | : | | |
| (৭) | বয়স (১৯ নভেম্বর ২০২০ তারিখে): | | বৎসর | মাস / দিন |
| (৮) | পিতার নাম | : | | |
| (৯) | মাতার নাম | : | | |
| (১০) | ঠিকানা | : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) | : | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা | : | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড | : | | |
| | ডাকঘর | : | | |
| | পোস্টকোড নম্বর | : | | |

| | | | |
|---|---|---|---|
| | থানা/ উপজেলা | : | |
| | জেলা | : | |
| (১১) | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে) : |
| (১২) | জাতীয়তা | : | |
| (১৩) | পুরুষ/ মহিলা (লিখুন) | : | |
| (১৪) | ধর্ম | : | |
| (১৫) | বৈবাহিক অবস্থা | : | |
| (১৬) | পেশা | : | |
| (১৭) | শিক্ষাগত যোগ্যতা : | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |

| | | | |
|---|---|---|---|
| (১৮) | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | |
| (১৯) | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | |
| (২০) | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী / আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| (২১) | কস্ট মেমো নম্বর : | | |
| | ব্যাংক ও শাখার নাম : | তারিখ : দি ন মা স ব ৎ স র | |
| (২২) | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) | হ্যাঁ / না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সনদপত্র ও প্রমাণকপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আমি আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ : দি | ন | মা | স | ব | ৎ | স | র

প্রার্থীর স্বাক্ষর

৫। প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের তথ্যাদি যথা: প্রার্থীর নাম, জন্ম তারিখ, পিতা ও মাতার নামের সাথে শিক্ষা সনদ এবং অন্যান্য কাগজপত্রে উল্লিখিত তথ্যাদির সামঞ্জস্য থাকা আবশ্যক।

৬। **আগ্রহী প্রার্থীদেরকে আবেদনপত্র নিম্নবর্ণিত কাগজপত্রসহ আগামী ১৯ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে পরিচালক, বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা- ১২১৩ ঠিকানায় ডাকযোগে পৌছাতে হবে:**

ক। কোন প্রকার ঘষা-মাজা ছাড়া সকল শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা এবং অভিজ্ঞতার মূল সনদপত্রের ফটোকপি (সত্যায়িত);

খ। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (সত্যায়িত);

গ। যে ইউনিয়ন/পৌরসভা/সিটি করপোরেশন এর বাসিন্দা সে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/কাউন্সিলর/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল সনদের ফটোকপি (সত্যায়িত);

ঘ। প্রার্থীর পিতা/মাতা মুক্তিযোদ্ধা হলে প্রমাণস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/সাময়িক সনদপত্রের ফটোকপি (সত্যায়িত);

ঙ। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে চাকরির আবেদনপত্রের সাথে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/সাময়িক সনদপত্রের (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) ফটোকপি (সত্যায়িত);

চ। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূলকপি;

ছ। এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি (সত্যায়িত);

জ। প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর এর অধীনে জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় হতে প্রদত্ত পরিচয়পত্রের (আইডি কার্ড) ফটোকপি (সত্যায়িত);

ঝ। উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্রের ফটোকপি (সত্যায়িত);

ঞ। ৯ম বা তদুর্দ্ধ গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর সম্প্রতি তোলা ০৬ (ছয়) কপি পাসপোর্ট আকারের ছবি;

ট। ৯ম বা তদুর্দ্ধ গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঠ। আবেদনপত্রের সাথে সংযুক্ত আনুষঙ্গিক কাগজপত্রের ফটোকপিসমূহ নবম অথবা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা (নামযুক্ত সীলসহ) কর্তৃক সত্যায়িত হওয়া আবশ্যক। **সরাসরি অথবা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নয়;**

ড। খাকরব (পরিচ্ছন্নতাকর্মী) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মোট পদের শতকরা ৮০ ভাগ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকবে। তবে জাত হরিজন প্রার্থী না পাওয়া গেলে খাকরব পদটি সাধারণ প্রার্থী দ্বারা পূরণ করা হবে।

ঢ। ''পরিচালক, বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর''- এর অনুকূলে (সঞ্চয়ী হিসাব নং- ০১২১৪৩৪০০৩৮৭২, সোনালী ব্যাংক, নৌ সদর শাখা, বনানী, ঢাকা- ১২১৩) অনুচ্ছেদ-১ এর ছকে বর্ণিত ক্রমিক (১) থেকে (৯) নং পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক (১০) থেকে (১৯) নং পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা জমা প্রদানকরতঃ জমাকৃত টাকার কস্ট মেমো (গ্রাহকের কপি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। **পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/ট্রেজারী চালান গ্রহণযোগ্য নয়;**

ণ। প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই শেষে সঠিক আবেদনপত্র প্রেরণকারী প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, স্থান এবং সময় পরবর্তীতে জানানো হবে।

৭। আবেদনপত্র প্রেরণের জন্য ব্যবহৃত খামের উপর **পদের নাম, প্রার্থীর নিজ জেলার নাম এবং কোটা (যদি থাকে)** মোটা অক্ষরে স্পষ্টভাবে অবশ্যই উল্লেখ করতে হবে।

৮। আবেদনপত্রের সাথে আবেদনকারীর বর্তমান ঠিকানা সম্বলিত (যে ঠিকানায় পত্রালাপ করা হবে) ২৩ সে: মি: × ১১ সে: মি: মাপের ০২ (দুই)টি খাম অবশ্যই সংযুক্ত করতে হবে। প্রতি খামে ০৬/- (ছয়) টাকার ডাকটিকেট লাগানো থাকতে হবে।

৯। অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদনপত্র বাতিল হিসেবে গণ্য হবে। এছাড়া মিথ্যা ও ভুল তথ্য প্রদান করে কেউ নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা চিহ্নিত হলে তার নিয়োগ বাতিল হিসেবে গণ্য হবে।

১০। **আবেদনপত্র পৌছানোর শেষ তারিখ ১৯ নভেম্বর ২০২০। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।**

১১। প্রার্থী নিয়োগের ক্ষেত্রে সরকার প্রবর্তিত সকল প্রকার কোটা পদ্ধতি এবং অন্যান্য নীতিমালা অনুসরণ করা হবে।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারকচক্রের সাথে কোন প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন থেকে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৩। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ শূন্য পদসংখ্যার হ্রাস/বৃদ্ধি করতে পারবেন। অনিবার্য কারণবশতঃ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক অথবা সম্পূর্ণ বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মোঃ হাফিজুর রহমান
পরিচালক (চলতি দায়িত্ব)
বেসামরিক কর্মচারী পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর
বনানী, ঢাকা-১২১৩

আই এস পি আর/ নৌ/২০২০/৬১৪ তারিখ: ২৫/১০/২০২০